



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর - ৮, প্লট- ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

bpi.gov.bd

বিষয়ঃ ই-গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আমিনুল ইসলাম

সভার তারিখঃ ২৬-০১-২০২২

সভার সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা

স্থানঃ বিপিআই অডিটোরিয়াম


উপস্থিতিঃ তালিকা সংযুক্ত।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি
১	সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনীর প্রয়োজন আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান সংশোধনীর প্রয়োজন নাই। বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো হয়।	কোন সংশোধনী না থাকায় ই-গভার্নেন্স ও উদ্ভাবন টিমের সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়।	ইনোভেশন টিম
২	উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে একটি উদ্ভাবনী ধারণা হিসেবে ভান্ডার শাখায় স্টক কন্ট্রোল সফটওয়্যার স্থাপন নির্ধারণ করা হয়েছে এবং তা স্থাপনের কার্যক্রম চালু রয়েছে।	যথাসময়ে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিম
৩	সেবা সহজিকরণ বিষয়ে আলোচনা করা হয়। এ সময় সভায় জানানো হয় যে সেবা সহজিকরণ হিসেবে অর্জিত ছুটি হিসেব করার জন্য সফটওয়্যারের ব্যবহারের মাধ্যমে ছুটি সেবা সহজিকরণ করার কার্যক্রম চালু রয়েছে এবং তা নির্ধারিত সময়ের আগেই বাস্তবায়ন হবে।	যথাসময়ে একটি সেবা সহজিকরণ করতে হবে।	ইনোভেশন টিম
৪	সেবা ডিজিটাইজেশন বিষয়ে আলোচনা করা হয়। এ সময় সভায় জানানো হয় যে সেবা ডিজিটাইজেশন হিসেবে ডিজিটাল নোটিশ বোর্ড স্থাপনের কাজ যথাসময়ে সম্পন্ন করা হয়েছে এবং তা যথাযথভাবে কাজ করছে।	ডিজিটাল নোটিশ বোর্ড এ যথাসময়ে বিভিন্ন নোটিশ এবং অন্যান্য অফিস আদেশ ইত্যাদি প্রদর্শন করতে হবে।	প্রশাসন শাখা
৫	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে দুটি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং বাকি দুটি প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করা হবে।	যথাসময়ে বাকি ২ টি সভা/কর্মশালা আয়োজন করতে হবে এবং ৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় পন্থা তৈরী ও পদ্ধতি অনুসরণ করতে হবে।	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা।
৬	তথ্য বাতায়নে সকল সেবা বন্ধ হালনাগাদকরণ এর বিষয়ে আলোচনা করা হয়। এ সময় সভায় জানানো হয় যে বিপিআই এর সকল তথ্য সেবা বন্ধ নিয়মিত হালনাগাদ করা হয় এবং তা নিয়মিত পরিদর্শন করা হয়।	সঠিক সময়ে সকল সেবা বন্ধ হালনাগাদ করতে হবে।	১। সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ২। আবদুল্লাহ আল নোমান, বৈজ্ঞানিক কর্মকর্তা

৭	বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি বাতায়নে প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়। এ সময় সভায় জানানো হয় যে বিপিআই এর সকল প্রকাশনা ও তথ্যাদি বাতায়নে নিয়মিত হালনাগাদ করা হয় এবং তা নিয়মিত পরিদর্শন করা হয়।	সঠিক সময়ে বাতায়নে প্রকাশ করতে হবে।	১। সাহিদুজ্জামান, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ২। আবদুল্লাহ আল নোমান, বৈজ্ঞানিক কর্মকর্তা
৮	ই-গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ এর বিষয়ে আলোচনা করা হয়। এ সময় সভায় জানানো হয় যে উক্ত বিষয়ে অদ্যবধি ১ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে এবং বাকি ৩ টি প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।	আগামী ৩০-০৫-২০২২ তারিখের পূর্বে তিনটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা
৯	ই-গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। এ সময় সভায় এ বিষয়ে দ্রুত সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	আগামী ৩০-৫-২০২১ তারিখের মাঝে একটি সভা আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম
১০	কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। এ সময় সভায় জানানো হয় যে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	যথাযথ রেকর্ড রাখতে হবে।	ইনোভেশন টিম
১১	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন এর বিষয়ে আলোচনা করা হয়। এ সময় সভায় জানানো হয় যে বিপিআই হতে দেশে/বিদেশে একটি বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শনের জন্য কার্যক্রম চলমান রয়েছে।	আগামী ৩০-০৫-২০২২ তারিখের মাঝে একটি উদ্যোগ পরিদর্শন আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মোঃ আমিনুল ইসলাম)
মহাপরিচালক
ফোনঃ ৮৯৩৩৩৩৪



নংঃ ২৮.০৪.০০০০.০০৩.০৬.০০৬.১৯- ৬৫৪

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে) প্রেরণঃ

- ১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৪। উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৫। সকল বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৬। সকল সহকারি পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।



(মোঃ আমিনুল ইসলাম)
মহাপরিচালক
ফোনঃ ৮৯৩৩৩৩৪